

চোহন্দি মাধ্যমিক বালিকা বিদ্যালয়

# মাদারীপুরে স্কুল ঘর বিধ্বস্ত তিন শতাধিক ছাত্রীর পাঠ বন্ধ

সংবাদ : জেলা বার্তা পরিবেশক, মাদারীপুর

। ঢাকা , বৃথবার, ১৩ নভেম্বর ২০১৯

ঘূর্ণিঝড় বুলবুলের  
আঘাতে  
মাদারীপুরে  
চোহন্দি মাধ্যমিক  
বালিকা  
বিদ্যালয়ের টিনের  
স্কুল ঘর ভেঙ্গে



ঝালকাঠিতে বুলবুলের আঘাতে উপরে  
পড়া গাছ-সংবাদ

পড়েছে; এতে পুরো স্কুলের তিন শতাধিক  
শিক্ষার্থীর পাঠদান বন্ধ হয়ে গেছে। সামনেই  
বিভিন্ন পরীক্ষা থাকায় দুশ্চিন্তায় দিন কাটাচ্ছে  
শিক্ষার্থী ও তাদের অভিভূতকরা।

রোববার বিকেলে মাদারীপুর দিয়ে বয়ে যাওয়া  
ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে স্কুলটির টিনের তৈরি  
শ্রেণীকক্ষের ঘরটি ভেঙ্গে যায় বলে জানিয়েছেন  
প্রধান শিক্ষক মুনাল কান্তি পাণ্ডে। প্রধান শিক্ষক  
মুনাল পাণ্ডে জানিয়েছেন, স্কুলটি কয়েক বছর  
আগে প্রতিষ্ঠিত হওয়ায় এখনো প্যান্ট  
এমপিওভুক্ত হয়নি।

ফলে সব সময়ই আর্থিক টানাপড়েন লেগে  
আছে। এরমধ্যে হঠাত করে বুলবুল ঝড়ে আমার

স্কুলের মূল শ্রেণীকক্ষের ঘরাটই পুরোটা ভেঙ্গে গেছে। এখন আমার তিনি শতাধিক শিক্ষার্থীকে কিভাবে পড়াশোনা করাব; সেই চিন্তায় পড়ে গেছি। স্কুলটির নবম শ্রেণীর শিক্ষার্থী প্রায় সরকারের দাদু জগদীশ বৈদ্য বলেন, স্কুলটি ভেঙ্গে যাওয়ায় আমরা অভিভাবকরাও চিন্তায় পড়ে গেছি। এতগুলো মেয়ের পড়াশোনা কিভাবে করা হবে। তাই দ্রুত যাতে পড়াশোনা শুরু করতে পারে; সেই ব্যবস্থা দ্রুত গ্রহণ করা হোক। এদিকে স্কুলের কাছাকাছি যে সকল শিক্ষার্থীদের বাড়ি তারা স্কুল ঘর ভেঙ্গে যাওয়ার খবর শুনে দেখতে ছুটে আসে। বেশ কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে কথা হয়। দশম শ্রেণীর শিক্ষার্থী অনামিকা নবম শ্রেণীর শিক্ষার্থী শতাব্দী সরকার, অষ্টম শ্রেণীর শিক্ষার্থী তমা ভক্ত ও সপ্তম শ্রেণীর সম্পা বাড়ে বলেন, আমাদের স্কুলটি মাত্র কয়েক বছর আগে প্রতিষ্ঠিত করা হয়েছে।

আমাদের ওই একটি শ্রেণীকক্ষের ঘর ছাড়া আর কোন শ্রেণী কক্ষের ঘর নেই। সামুনে আমাদের স্কুলের মেয়েদের অনেকগুলো পরীক্ষার প্রস্তুতি চলছে। এমন অবস্থায় ক্লাস করতে না পারলে আমাদের রেজাল্ট খুব খারাপ হয়ে যেতে পারে।

সরকারের কাছে আমরা সবাই দাবি জানাচ্ছি, যাতে দ্রুত আমাদের শ্রেণীকক্ষের ব্যবস্থা করে দেন। এই বিষয়ে স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি বিশ্বজিত বৈদ্য নাদিম বলেন, ‘এটা প্রাকৃতিক একটি দুয়োগ। এখানে তো আমাদের কারও হাত নেই। যত দ্রুত সম্ভব স্কুলটির মেয়েদের পড়াশোনা যাতে বন্ধ না হয় সেই

ব্যবস্থা গ্রহণ করার জন্য আমাদের পাশে  
সরকারসহ সকলকে থাকার আহ্বান করছি।